

রোকেয়া বিশ্ববিদ্যালয়ে সোমবারের ভর্তি পরীক্ষা স্থগিত, তারিখ পরিবর্তন

নিজস্ব প্রতিবেদক, রংপুর

১০ নভেম্বর ২০১৯, ১৯:৩৮


আপডেট: ১০ নভেম্বর ২০১৯, ১৯:৪৮



দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের আগামীকাল সোমবারের ভর্তি পরীক্ষা স্থগিত করা হয়েছে। সেই সঙ্গে ১১ থেকে ১৩ নভেম্বরের ভর্তি পরীক্ষার তারিখও পরিবর্তন করা হয়েছে।

নতুন সময়সূচি অনুযায়ী ১১ নভেম্বরের ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১২ নভেম্বর, ১২ নভেম্বরের ‘সি’ ও ‘এফ’ ইউনিটের ভর্তি পরীক্ষা হবে ১৩ নভেম্বর এবং ১৩ নভেম্বরের ‘ডি’ ও ‘ই’ ইউনিটের ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে ১৪ নভেম্বর।

উল্লেখ্য, ভর্তি সংক্রান্ত অন্যান্য নির্দেশনাবলি অপরিবর্তিত থাকবে।



আজ রোববার সন্ধ্যার পর বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু হেনা মুস্তাফা কামাল স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে
এসব বিষয় জানানো হয়েছে।
প্রসঙ্গত আজ রোববার থেকে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। আজ ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।